

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন শহরে মহামারীর সুত্রপাত হলে, সেখানে প্রবেশ করা অথবা সেখান থেকে বের হওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْقُدُومِ عَلَى الْبَلَدِ الَّذِي وَقَعَ فِيهِ الطَّاعُونُ وَالْخُرُوجِ مِنْهُ مِنْ أَجْلِهِ

আরবী

2941 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أَبِيهِ: أَنَّهُ سَمِعَهُ يَسْأَلُ أُسَامَةَ بْنُ زَيْدٍ: هَلْ سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم في الطَّاعُونِ؟ فَقَالَ أُسَامَةُ بْنُ زَيْدٍ: هَلْ سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهُ عَلَيْهِ وَسَلَمْ في الطَّاعُونِ؟ فَقَالَ أُسَامَةُ بْنُ زَيْدٍ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الطَّاعُونُ رجزُ أُرْسِلَ عَلَى بَنِي إِسْرَائِيلَ ـ أَوْ عَلَى مَنْ قَبْلَكُمْ ـ فَإِذَا سَمِعْتُمْ بِهِ بِأَرْضٍ فَلَا تَقْدَمُوا عَلَيْهِ وَإِذَا وَقَعَ بِأَرْضٍ وَأَنْتُمْ بِهَا فَلَا تَحْرجوا فراراً منه)

الراوي: أُسامَة بْن زَيْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2941 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (1548): ق.

বাংলা

২৯৪১. উসামাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "মহামারী হলো শাস্তি, যা বানী ইসরাঈলের উপর অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন "তোমাদের পূর্ববর্তীদের উপর পাঠানো হয়েছিল। কাজেই যখন তোমরা কোন জায়গায় মহামারীর কথা শুনবে, তখন তোমরা সেখানে আগমন করবে না। আর যখন কোন জায়গায় এর প্রাদুর্ভাব ঘটবে, আর তোমরা সেখানে অবস্থান করে থাকো, তবে তোমরা তা থেকে বাঁচার জন্য সেখান থেকে বের হয়ে যাবে না।"[1]

ফটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৯৬; সহীহুল বুখারী: ৩৪৭৩; মুসনাদ আহমাদ: ৫/২০২; সহীহ মুসলিম: ২২১৮;



সুনান বাইহাকী: ৭/২১৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ১৫৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন